



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2022

গভর্নর ক্যাথি হোকল

ফেব্রুয়ারি মাসে নিউ ইয়র্কবাসীদের বাড়তি খাদ্য সহায়তা প্রদানের জন্য গভর্নর হোকলের 230 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

সব SNAP পরিবার সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে

2021 সালে নিউ ইয়র্কে 2.5 বিলিয়ন ডলারেরও বেশি সম্পূরক বেনিফিট বন্টন করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী ফেব্রুয়ারি মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সকল গৃহস্থালি, ইতিমধ্যে যারা সর্বোচ্চ সুবিধা পাচ্ছে তারা সহ, এই মাসেই একটি অতিরিক্ত সম্পূরক বরাদ্দ পাবে, যা স্টেটের অর্থনীতিতে প্রায় 230 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল আনবে।

"মহামারীর ফলে নিউ ইয়র্ক স্টেটব্যাপী খাদ্য অনিরাপত্তা অবস্থার অবনতি ঘটছে, যা একটি বিশাল সংখ্যক পরিবারের সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program) উপর নির্ভরশীল হয়ে থাকার মধ্য দিয়ে প্রতিফলিত হচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "এসব অতি গুরুত্বপূর্ণ খাদ্য নিউ ইয়র্কবাসীদের জন্য খাবারের যোগান দিতে সাহায্য করার মাধ্যমে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করছে, যা কোভিড-19-এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে আগ্রাসী পদক্ষেপ গ্রহণের এই সময়ে অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করছে।"

জরুরি সহায়তা সম্পূরক এমন গৃহস্থালিকে প্রদান করা হয় যারা সাধারণত প্রতিমাসে সর্বোচ্চ অনুমোদিত পর্যায়ের SNAP সুবিধা পায় না, SNAP একটি ফেডারেল অর্থায়িত কর্মসূচি যার তত্ত্বাবধান করে অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA)। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 835 ডলার - তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টির SNAP পরিবারগুলো আজ থেকে বৃহস্পতিবার, 17 ফেব্রুয়ারি দিন শেষ হওয়ার আগে এই সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন। নিউ ইয়র্ক সিটি

অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP পরিবারগুলো বৃহস্পতিবার, 10 ফেব্রুয়ারি থেকে শুক্রবার, 25 ফেব্রুয়ারির মধ্যে তাদের সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন।

2020 সালের এপ্রিল থেকে শুরু করে, OTDA সর্বোচ্চ মাসিক পরিমাণের চেয়ে কম সুবিধা পাওয়া SNAP পরিবারগুলোকে জরুরি সম্পূরক সুবিধা প্রদান করছে। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হওয়ার পর, সংস্থাটি ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত সকল SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে সফলভাবে কাজ করেছে, যে মেয়াদ বর্তমানে মে মাস পর্যন্ত বর্ধিত করা হবে বলে আশা করা হচ্ছে।

শুধু গত বছরেই OTDA আনুমানিক 2.5 বিলিয়ন ডলারের সম্পূরক সুবিধা বন্টন করেছে। ডিসেম্বর মাসে আনুমানিক 1.6 মিলিয়ন পরিবারের মোট 2.7 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী সম্পূরক সুবিধা পেয়েছেন।

SNAP সুবিধা নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রেও একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করছে, যেখানে বিনিয়োগ হওয়া প্রতিটি ফেডারেল ডলার 1.54 ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্রিয়াকলাপের সূচনা করছে বলে যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP সুবিধার প্রভাব হিসেব করা একটি [ফেডারেল অধ্যয়ন](#) থেকে জানা গেছে। এই গবেষণায় আরো দেখা গেছে যে নতুন SNAP সুবিধাসমূহের জন্য আরো 1 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হলে তা দেশব্যাপী আনুমানিক 13,560টি কর্মসংস্থানের জন্য সহায়তা করতে পারে।

OTDA-এর ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "কোনো নিউ ইয়র্কবাসীই তাদের পরিবারের জন্য খাবারের ব্যবস্থা করতে পারবেন কিনা এই দুশ্চিন্তায় থাকা উচিত নয়। এসব সম্পূরক সুবিধা আমাদের স্টেটব্যাপী হাজার হাজার পরিবারকে নিত্যদিনের খাবার যোগাড় করতে এবং খাদ্য অনিরাপত্তা থেকে বেঁচে থাকতে সাহায্য করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করেছে।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাবেন। mybenefits.ny.gov ওয়েবসাইটে গিয়ে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)